



পশ্চিমবঙ্গ সরকার  
জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিকের করণ  
মুর্শিদাবাদ  
দূরভাষ নং : ০৩৪৮২-২৫২১৮৪

স্মারক সংখ্যা : ৩৩৮ তথ্য/মুর্শি,

তারিখ : ১৯/০৭/২০১৯

দরপত্র আহ্বান

ডেঙ্গু প্রতিরোধ ও মশা বাহিত রোগ সংক্রান্ত রোগ মুক্ত বাংলা গড়ি এই সংক্রান্ত একটি TATA 407/TATA107 ACE ট্যাবলো ( ২টি বক্স, ২টি হর্ন, ৬টি মাইক্রোফোন চালক সহ মাইক সেট ও একজন করে ফটোগ্রাফার সহ সুসজ্জিত করে ( ছবছ এই দরপত্রের সঙ্গে প্রদত্ত দপ্তরের নকসা অনুসারে ) দপ্তরের নির্দেশ মত জেলার ৫টি মহকুমা বিভিন্ন স্থানে পরিভ্রমণ করতে হবে। প্রতি মাসে কমপক্ষে ১৫দিন (সারাদিন ধরে ) কাজটি করতে হবে। প্রয়োজনে অতিরিক্ত দিনেও এই প্রচার মূলক কাজটি করতে হতে পারে।

এই বিষয়ে আগ্রহী ব্যক্তি বা সংস্থার পক্ষ থেকে দরপত্র আহ্বান করা হচ্ছে।

নিয়মাবলী :

- ১। দরপত্র সিলকারা খামে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।
- ২। দরপত্রের সঙ্গে (ক) ব্যক্তি/ সংস্থার নামে ট্রেড লাইসেন্স (খ) ব্যক্তি / সংস্থার নামে কারেন্ট একাউন্ট (গ) ইনকাম ট্যাক্স সার্টিফিকেট এবং (ঘ) পূর্ববর্তী কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।
- ৩। গাড়ীর তেল ও মোবিল, চালকের খরচ এবং প্রয়োজনীয় মেরামতি এবং টোল ট্যাক্স সহ সমস্ত খরচ ব্যক্তি / সংস্থাকে বহন করতে হবে।
- ৪। প্রতি গাড়ীর জন্য প্রতিদিন হিসাবে দরপত্র প্রদান করতে হবে।
- ৫। উদ্বৃত্ত বিশেষ পরিস্থিতিতে কর্তৃপক্ষের সঙ্গে সব রকম সহযোগিতা করতে হবে।
- ৬। দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৮/০৭/২০১৯ দুপুর ২টায়।
- ৭। দরপত্র খোলার তারিখ ২৮/০৭/২০১৯ দুপুর ৩টায়।
- ৮। কোন কারন না দেখিয়ে যে কোন সময় দরপত্র বাতিল / খারিজ করার অধিকার কর্তৃপক্ষের থাকবে।
- ৯। উদ্বৃত্ত বিশেষ পরিস্থিতিতে ২৮/০৭/২০১৯ তারিখ দপ্তরের কাজকর্ম স্থগিত থাকলে অব্যাহিত করের কাজের দিন দরপত্র সমুহ গ্রহন ও খোলা হবে।
- ১০। নিয়মাবলী পালনে বা উল্লিখিত কাজে অবহেলা পরিলক্ষিত হলে সমস্ত চুক্তি বাতিলের অধিকার দপ্তরের থাকবে।

জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক  
মুর্শিদাবাদ

তারিখ : ১৯/০৭/২০১৯

স্মারক সংখ্যা : ৩৩৭/১(১০) তথ্য/মুর্শি,

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হল -

- ১। মাননীয় সচিব, জেলা পরিষদ, মুর্শিদাবাদ
- ২। মাননীয় নেজারৎ ডেপুটি কালেক্টর, বহরমপুর, মুর্শিদাবাদ
- ৩। মাননীয় ডি.আই.ও., এন.আই.সি., মুর্শিদাবাদ জেলা ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ জানাই।
- ৪। মাননীয় পোস্ট মাস্টার, হেড পোস্ট অফিস, বহরমপুর, মুর্শিদাবাদ
- ৫। মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, কান্দী/ লালবাগ /বহরমপুর(সদর) /জঙ্গীপুর / ডোমকল
- ৬। অফিস নোটিশ বোর্ড

জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক  
মুর্শিদাবাদ